

■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮২২

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحجّ)

পরিচ্ছেদঃ অসুস্থ হাজীর জন্য বাহনে আরোহী অবস্থায় বাইতুল্লাহর তাওয়াফ করা বৈধ

ذِكْرُ الْإِبَاحةِ لِلْحَاجِ الْعَلِيلِ أَنْ يُطَافِ بِهِ وَهُوَ رَاكِبٌ

আরবী

3822 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ مُحَمَّدٍ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ نَوْفَلَ عَنْ عُرْوَةَ بْنِ الزَّيْرِ عَنْ زَيْنَبَ بْنِتِ أَبِي سَلَمَةَ عَنْ أُمِّ سَلَمَةَ أَنَّهَا قَالَتْ: شَكْوَتُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنِّي أَشْتَكَيْ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (طُوفِي مِنْ وَرَاءِ النَّاسِ وَأَنْتِ رَاكِبَةُ). قَالَتْ: فَطُفْتُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَئِذٍ يُصَلِّي إِلَى جَنْبِ الْبَيْتِ وَهُوَ يَقْرَأُ بِهِ {الطور * وَكِتَابٌ مَسْطُورٌ} [الطور: 2-1].

الراوي : أُمّ سَلَمَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات
الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3822 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))
(1644) ، وهو مختصر الآتي (2822): ق.

বাংলা

৩৮২২. উম্মু সালামাহ রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে অনুযোগ করলাম যে, আমি অসুস্থ। তখন তিনি বলেন, “তুমি বাহনে আরোহী অবস্থায় লোকদের পিছনে থেকে তাওয়াফ করো।” উম্মু সালামাহ রাদিয়াল্লাহু আনহা বলেন, “অতঃপর আমি তাওয়াফ করি, এসময় আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বাইতুল্লাহর পাশে সালাত আদায় করছিলেন। তিনি সালাতে সূরা তূর পাঠ করছিলেন।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৩৭০-৩৭১; মুসাম্মাফ আব্দুর রায়যাক: ৯০২১; মুসনাদ আহমাদ: ৬/২৯০; সহীভুল বুখারী: ৪৬৪; সহীহ মুসলিম: ১২৭৬; আবু দাউদ: ১৮৮২; নাসাঈ: ৫/২২৩; ইবনু মাজাহ: ২৯৬১; সহীহ ইবনু খুযাইমাহ: ২৭৭৬; তাবারানী আল কাবীর: ২৩/৮০৮; সুনান বাইহাকী: ৫/৭৮; বাগাবী: ১৯১১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬৪৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93161>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন